দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 07 FEB 1989
পৃষ্ঠা ৭ কলাম ৫

16

# অবৈতনিক বিদ্যালয় চালু ও শিক্ষা উপকরণ সরবরাহ

চৌমুহনী, ৬ই ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা)—নোয়াখালীর সেনবাগ উপজেলাধীন বীরকোট গ্রামের 'যুব প্রভাতী ক্লাব' গ্রামের রাস্তা-ঘাট মেরামতসহ সমাজ উন্নয়ন মূলক বিভিন্ন কাজ করা ছাড়াও চলতি বছরের শুরুতে একটি অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় খুলিয়া এলাকার দরিদ্র পরিবারের ৪০টি ছেলে-মেয়েকে শিক্ষাদান শুরু করিয়াছে। ঐ ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে বইপত্রও সরবরাহ করা হইয়াছে। ১২ জন অশিক্ষিত যুবকও ঐ বিদ্যালয়ে শিক্ষাগ্রহণ শুরু করিয়াছে। ক্লাবের কর্মকর্তারা শিক্ষাদান করিতেছেন।

কাজের ব্যাপারে উক্ত ক্লাবের সভাপতি লনু মিয়া জানান, সরকারী অনুদান পাওয়ার চেষ্টা না করিয়া তাহারা নিজেদের উদ্যোগ ও স্বেচ্ছাশ্রমে গ্রামের উন্নতি সাধন ও সমাজসেবা মূলক কাজ চালাইতেছেন। এই ক্লাব গ্রামের দরিদ্র পরিবার গুলির মধ্যে বিনামূল্যে হাঁস-মুরগি বিতরণেরও এক কর্মসূচী গ্রহণ করিয়াছে।